এই প্রশ্নপত্রটিতে ৩১টি প্রশ্ন [ বিভাগ—ক (২০) + বিভাগ—খ (৬) অথবা বিভাগ—গ (৫) ] এবং ৮টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

কোড নং **56/SS/A/B**

সেট **A**

# বাংলা

## (303)

পরীক্ষার দিন ও তারিখ ..........................................................................................

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর

১. ..................................................................

২. ..................................................................

---

***সাধারণ নির্দেশাবলী :***

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

2. দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

3. উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

4. আপনার প্রশ্নপত্রের কোড নং 56/SS/A/B এবং সেট A টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।

# বাংলা

# (303)

সময় : 3 ঘণ্টা ] [ পূর্ণমান : 100

**দ্রষ্টব্য :** (i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' তিনটি বিভাগ আছে।

(ii) বিভাগ 'ক'-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ 'খ' এবং বিভাগ 'গ'-এর যে কোনো **একটি** বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 এবং বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর মান 15.

## বিভাগ—ক

**1.** (ক) নীচের পদ্যাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 4

সখীগণে বোলে বালা কীবা মতি তোর।
আপনার রূপ দেখি হইলা বিভোর॥
কোথা সেই নৃপরত্ন বিবাহের স্থলে।
অন্তঃপুরে থাকি চাহ মালা দিতে গলে॥
আপনা রূপ দেখি হইলা এমন।
প্রিয়তম রূপ হেরি করিবা কেমন॥

*অথবা*

সেইরূপে ভাষাপথ খননি স্ববলে,
ভারত-রসের স্রোতঃ আনিয়াছ তুমি
জুড়াতে গৌড়ের তৃষা সে বিমল জলে।
নারিবে শোধিতে ধার কভু গৌড়ভূমি।

(খ) নীচের কবিতাংশটির ভাবসৌন্দর্যের পরিচয় দিন : 2

কণ্ঠ আমার রুদ্ধ আজিকে, বাঁশি সঙ্গীতহারা,
অমাবস্যার কারা
লুপ্ত করেছে আমার ভুবন দুঃস্বপনের তলে;
তাইতো তোমায় শুধাই অশ্রুজলে—
যাহারা তোমার বিষাইছে বায়ু, নিভাইছে তব আলো
তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছ ভালো ?

**2.** নীচের প্রশ্নগুলির মধ্যে যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর লিখুন : 2×2=4

(ক) রাধার কি আচরণের জন্য তাঁকে যোগিনী বলে মনে হচ্ছে?

(খ) 'এই পৃথিবীতে এক স্থান আছে'—এই কবিতায় কবির কি মনোভাব প্রকাশ পেয়েছে?

(গ) 'নারী' কবিতায় শয়তানদের ক্লীব বলা হয়েছে কেন?

(ঘ) ''এবার বাঁচার একটাই পথ।'' 'নাজমা' কবিতায় কবি কিরকম বেঁচে থাকার কথা বলেছেন?

**3.** 'রাধার কী হইল অন্তরে ব্যথা' কবিতার মূল ভাবটি কি, সংক্ষেপে লিখুন। 2

**4.** 'কবিতা' বলতে কি বোঝায়? কবিতা পড়তে গেলে কোন্ কোন্ দিকে দৃষ্টি দিতে হয়? 2

**5.**
''গুরু গুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে
গরজে গগনে।''

এটি শব্দালংকারের কোন্ শ্রেণিভুক্ত এবং কেন? 2

**6.** কবিতাংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×4=4

''হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন,
তা সবে (অবোধ আমি) অবহেলা করি,
পরধন লোভে মত্ত করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।
অনিদ্রায়, অনাহারে সঁপি কায়মন;
মজিনু বিফল তপে অবরেণ্যে বরি,—
কেলিনু শৈবালে ভুলি কমল কানন।''

(ক) কবির মতে 'বিবিধ রতন' কোথায় আছে?

(খ) 'পরধন লোভে মত্ত' হয়ে তিনি কি কি করেছেন?

(গ) 'মজিনু বিফল তপে' কথাগুলির অর্থ কী?

(ঘ) 'কমল কানন'-কে ভুলে কবি কি করেছেন?

**7.** নীচের গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 6

আমার এই দরিদ্র চাষি প্রজাগুলোকে দেখলে আমার ভারী মায়া করে, এরা যেন বিধাতার শিশু-সন্তানের মতো নিরুপায়। তিনি এদের মুখে নিজের হাতে কিছু তুলে না দিলে এদের আর গতি নেই। পৃথিবীর স্তন যখন শুকিয়ে যায়, তখন এরা কেবল কাঁদতে জানে কোনো মতে একটুখানি ক্ষুধা ভাঙলেই আবার তখনই সমস্ত ভুলে যায়।

*অথবা*

ইউরোপীয় পণ্ডিতেরা সর্বত্র লাটিন ভাষাতেই উপদেশ দিতেন। গ্যালিলিও তাহা পরিত্যাগ করিয়া ইউরোপীয় ভাষা আরম্ভ করিলেন। তৎকালে এই প্রণালী অবলম্বন করাও একপ্রকার সাহসের কার্য বলিয়া পরিগণিত হইয়াছিল।

**8.** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

(ক) কমলাকান্তের মতে সমাজের উন্নতির পথ কী? 1

(খ) ভারতবর্ষের ইতিহাসের যুগবৈশিষ্ট্য কী? 2

(গ) মদনকে এবং ভুবনকে 'রাজা-মহারাজ'-এর সঙ্গে তুলনা করল কেন? 2

(ঘ) সাধারণ খেটে খাওয়া নিম্নবর্গের মানুষের প্রতি যে মনোভাব সমাজের ওপর তলার মানুষের দেখা যায়, 'নীলকণ্ঠ' নাটিকা অবলম্বনে আপনার অভিমত লিখুন। 2

**9.** নীচের যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন : 2

(ক) 'সব্যসাচী' পাঠ্যাংশে গদ্যভাষার ব্যবহারে যে বৈশিষ্ট্য দেখা যায় সে সম্বন্ধে লিখুন।

(খ) 'কালাপাহাড়' গল্পে কালাপাহাড় এবং কুম্ভকর্ণকে নিয়ে যে বিষম বিপদ বাঁধত, তার সঙ্গে (আচরণ) কোনো মিল আছে কিনা, লিখুন।

**10.** নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×4=4

মাতৃভাষার মাধ্যমেই যে প্রকৃত ও আদর্শ শিক্ষা হতে পারে তা ইতিহাসের ফলশ্রুতি হিসাবে আবিষ্কৃত হয়েছে। ইংরেজি শিক্ষার প্রবাহ ধরে রাখার জন্য ছিল বিলিতি শিক্ষার বালুচর। ঐ বালুচরে স্থায়ী বাসস্থান নির্মিত হতে পারে না। বাংলা ভাষার মৃত্তিকা সেই বালুচরকে কালক্রমে বাসভূমিতে পরিণত করল।

(ক) কোন্ ভাষায় প্রকৃত শিক্ষা হতে পারে?

(খ) ইংরেজি শিক্ষার পরিণতি কী?

(গ) বালুচরে প্রকৃত বাসস্থান হতে পারে না কেন?

(ঘ) সেই বালুচরকে প্রকৃত বাসযোগ্য করার মতো উপযুক্ত করতে পারে কী?

**11.** সাধারণ সাঁওতাল মেয়ে এবং 'আরণ্যক' উপন্যাসের অন্যতম চরিত্র ভানুমতীর মধ্যে পার্থক্য কী? 4

*অথবা*

'আরণ্যক' উপন্যাসে 'সরস্বতী-কুণ্ডী' সম্পর্কে আমিন রঘুবর প্রসাদের ধারণা ব্যক্ত করুন।

**12.** নীচের সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর লিখুন : 1×4=4

(ক) সাঁওতাল বিদ্রোহের নেতা এবং বর্তমান (উপন্যাসটি যখন লেখা হয়) রাজার নাম কী?

(খ) 'ভ্যালি অব্ দি কিংস' কী?

(গ) রাজু পাঁড়ে যে সাত্ত্বিক মানুষ তা কিভাবে জানা যায়?

(ঘ) সত্যচরণকে ঘুমোবার সময় শিয়রে বন্দুক রাখার পারামর্শ দিয়েছিলেন কে?

**13.** নীচের ভাষা পাঠের প্রশ্নগুলির উত্তর লিখুন : 2×5=10

(ক) নীচের বাক্য থেকে প্রত্যয়যুক্ত শব্দ বেছে নিয়ে প্রত্যয় ভেঙে লিখুন :

*(i)* আমরা ভাড়াটে বাড়িতে থাকি।

*(ii)* ঐতিহাসিক ইতিহাস লেখেন।

(খ) নীচের শব্দগুলি বাংলা শব্দভাণ্ডারের কোন্ শ্রেণির শব্দ (যে কোনো **দুটি**)?
(শব্দভাণ্ডার : তৎসম, তদ্ভব, দেশী, বিদেশী, মিশ্র ইত্যাদি)

*(i)* ডাক্তারবাবু

*(ii)* চিংড়ি

*(iii)* নক্ষত্র

*(iv)* হাত

(গ) সাধু ভাষাকে চলিত ভাষায় রূপান্তরিত করুন :

ভাবিতেছি ইহা কী করিয়া পারিলেন?

(ঘ) নীচের ব্যাসবাক্যগুলিকে সমাসবদ্ধ করুন (যে কোনো **দুটি**) :

*(i)* কাজলের ন্যায় কালো

*(ii)* জগতে বিখ্যাত

*(iii)* জীবন পর্যন্ত

*(iv)* সত্য বলে যে

(ঙ) সরল বাক্যে পরিবর্তন করুন :

তুমি যদি যাও, তবে আমিও যেতে পারি।

**14.** নীচের যে কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন রচনা করুন : 4

(ক) দুর্গা পূজোপ্যাণ্ডেল। প্রচণ্ড জোরে মাইকের আওয়াজ। আনন্দের বদলে বিভিন্ন মানুষের বিভিন্ন অসুবিধে ও কষ্ট।

(খ) আপনাদের ক্লাবের উদ্যোগে পাড়ার বেশ একটা বড়ো মাঠে বৃক্ষরোপণ উৎসব সম্পন্ন হল।

**15.** বাজার থেকে ফিরছেন, হঠাৎ দেখলেন আপনার পাড়ার রুটি-বিস্কুটের দোকানে হৈচৈ। দেখলেন, এক অতিবৃদ্ধ অসমর্থ লোককে সকলে মিলে মারতে উদ্যত। কারণ, বৃদ্ধ রুটি-চা খেয়ে পয়সা দিতে পারেনি, যেহেতু তার ছেঁড়া পকেট থেকে ভিক্ষের পয়সা পড়ে গেছে।

আপনার প্রতিক্রিয়া এবং আচরণ সম্বন্ধে লিখুন। 2

*অথবা*

আপনার বাড়ির কোনো ছোটো ছেলে শৈশব থেকেই একটা বিড়ালছানাকে খুব ভালোবাসে। ছানাটি এখন বেশ বড়ো। কৌতূহল মেটাতে রাস্তার কুকুরদের মুখোমুখি, ঝাঁপিয়ে পড়ল ওরা, বাঁচবার জন্য লড়াই করল ছানাটি। কিন্তু মারা গেল।

স্কুল থেকে ফিরে ছোট্ট ছেলেটি কেমন আচরণ করবে বলে মনে করেন আপনি?

**16.** অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×3=3

আমি প্রায় সারা জীবন শিক্ষা নিয়ে কাটিয়েছি। যখন আমরা ছাত্র ছিলাম, তখন মনের মধ্যে একটা উত্তেজনা ছিল যে,—যে বিজ্ঞানের চর্চা করে প্রতীচ্য এত উন্নতি করেছে, আমাদের দেশে সেটা শীঘ্র চালু হবে, এবং আমরা জীবন উৎসর্গ করব সেসব জিনিস দেশের মধ্যে আনতে।

(ক) বক্তা সারা জীবন কি করেছেন?

(খ) শীঘ্র কি চালু হবার কথা বক্তা বলেছেন?

(গ) তারজন্যে বক্তার মতো ব্যক্তিত্বরা কোন্ বিষয়ে জীবন উৎসর্গ করতে চান?

**17.** নীচের যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন : 4

(ক) একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে মোট ১৬০ জন পাশ করা পরীক্ষার্থীর মধ্যে ৮০ জন বিজ্ঞানের এবং ৪০ জন করে কলা ও বাণিজ্য বিভাগে পাশ করেছে।

একটি চক্রচার্টে হিসেবটি দেখান।

(খ) টমাটো সস্ তৈরীর একটি প্রবাহ চিত্র (flowchart) তৈরী করুন।

**18.** নীচের যে কোনো **একটি** বিষয়ে নিবন্ধ রচনা করুন : 8

(ক) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

(খ) ৮ নভেম্বর, ২০১৬-য় কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রচলিত ৫০০ ও ১০০০ টাকার নোট বাতিলের ঘোষণা

(গ) কলকাতার বা কোনো শহর বা গ্রামাঞ্চলের বইমেলা

(ঘ) সাম্প্রতিক কালে আপনার একটি রেল ভ্রমণের অভিজ্ঞতা

**19.** চিঠি লেখার রীতি মেনে নীচের বিষয়ের ওপর চিঠি লিখুন : 4

আপনি যে হোস্টেলে থাকেন সেখানে ১৪২৩ বঙ্গাব্দের বাংলা নববর্ষ পালন করেছেন, সে বিষয়ে আপনার মা-কে চিঠি লিখে জানান।

*অথবা*

পড়াশোনার সঙ্গে দীর্ঘকাল আপনার সম্পর্ক নেই। সাংসারিক প্রয়োজনে চাকরি করছেন। হঠাৎ পড়ার ইচ্ছে জাগল। NIOS-এর অধিকর্তাকে (Director) ভর্তির আবেদন জানিয়ে একটি চিঠি লিখুন।

**20.** নীচের কবিতাংশ **বা** অনুচ্ছেদটির সংক্ষিপ্তসার লিখুন : 3

(ক)
দাও ফিরে সে অরণ্য, লও এ নগর,
লও যত লৌহ লোষ্ট্র, কাষ্ঠ ও প্রস্তর
হে নব্য সভ্যতা! হে নিষ্ঠুর সর্বগ্রাসী,
দাও সেই তপোবন পুণ্য ছায়ারাশি,
গ্লানিহীন দিনগুলি ........।

*অথবা*

(খ) মানুষ দুইরকম করে নিজের মহত্ত্ব উপলব্ধি করে—এক, স্বাতন্ত্র্যের মধ্যে, আর এক, মিলনের মধ্যে; এক ভোগের দ্বারা, আর এক যোগের দ্বারা। ভারতবর্ষ স্বভাবতই শেষের পথ অবলম্বন করেছে। এই জন্যেই দেখতে পাই, যেখানেই প্রকৃতির মধ্যে কোনো বিশেষ সৌন্দর্যের আবির্ভাব, সেখানেই ভারতবর্ষের তীর্থস্থান।

## বিভাগ—খ (ঐচ্ছিক বিষয়)

### ( পর্যটন )

**21.** 'পর্যটন' কত রকমের এবং কী কী? 3

**22.** একটি উচ্চতর পার্বত্য পর্যটন কেন্দ্রের নাম উল্লেখ করুন। 1

**23.** 'অভয়ারণ্য' বলতে কি বোঝায়? 1

**24.** 'হোটেল' ও 'মোটেল'-এর পার্থক্য দেখান। 2

**25.** পর্যটন শিল্পে বিদেশী পর্যটকদের কারণে দেশের অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রগুলি কী কী? 3

**26.** পর্যটনের ক্ষেত্রে পরিবহনের গুরুত্ব আলোচনা করুন। 5

## বিভাগ—গ (ঐচ্ছিক বিষয়)

### ( গণজ্ঞাপন )

**21.** (ক) 'গণজ্ঞাপন' বলতে কি বোঝায়, লিখুন। 2

(খ) আধুনিক গণজ্ঞাপনের মাধ্যমগুলি কী কী? 2

**22.** টেলিভিশনের দুটি আঙ্গিক কী কী? 1

**23.** 'ইন্টারনেট' সংস্করণের সুবিধা কী কী? 1

**24.** 'চিরাচরিত মাধ্যম' বলতে কি বোঝায়? এখনও বর্তমান, এমন চারটি গণমাধ্যমের নাম লিখুন। 3

**25.** গণজ্ঞাপন ও গণমাধ্যমগুলির আপাত সমস্যাগুলির উল্লেখ করে এই সমস্যাগুলির কারণ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন। 6

★ ★ ★